সাজু’র কবিতাগ্রন্থ- ‘জলপাই রঙের ভালোবাসা’র মোড়ক উন্মোচন

ডেস্ক রিপোর্ট: কবি-সাহিত্যিক, সংস্কৃতিকর্মী ও সতীর্ত স্বজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় কবি সাজন আহমদ সাজুর ‘জলপাই রঙের ভালোবাসা’ কবিতাগ্রন্থের প্রকাশনা উৎসব। সৃজনশীল প্রকাশনী সংস্থা-পাপড়ির উদ্যোগে রোববার রাতে নগরীর কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের সাহিত্য আসর কক্ষে এই প্রকাশনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।
কবি ও কলামিস্ট সালেহ আহমদ খসরুর সভাপতিত্বে এবং ছড়াকার ও প্রকাশক কামরুল আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ^বিদ্যালয়ের গণিত বিভাগের সাবেক বিভাগীয় প্রধান প্রফেসর ড. সাজেদুল করিম। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রাচীনতম সাহিত্য পত্রিকা ‘আল ইসলাহ’র সম্পাদক কথাসাহিত্যিক সেলিম আউয়াল।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন অধ্যাপক কবি বাছিত ইবনে হাবীব ও কবি মোহাম্মদ আব্দুল হক। আলোচনায় অংশ নেন শিশুসাহিত্যিক এ কে নাজির আহমেদ, উপন্যাসিক আলেয়া রহমান, কবি ছয়ফুল আলম পারুল, কবি আজমল আহমদ, শিশুসাহিত্যিক মিনহাজ ফয়সল, কবি ইফতেখার শামীম, ছড়াকার ছালিক আমিন, কবি জুবের আহমদ সার্জন, কবি জেনারুল ইসলাম, স্বপ্নপূরণ বø◌াড ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা রাব্বি আহমেদ তানভীর, আরজে হাবিব, জসিম বুক হাউসের কর্ণধার জসিম উদ্দিন, সাংবাদিক আমির আলী, ছড়াকার আহমেদ জাকির প্রমুখ।
অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন ছড়াকার জুবায়ের নাবিল । কবি সাজন আহমদ সাজুর ‘জলপাই রঙের ভালোবাসা’ গ্রন্থ থেকে কবিতা আবৃত্তি করেন ছড়াকার ও বাচিকশিল্পী নাঈমুল ইসলাম গুলজার। এছাড়া কবি সাজন আহমদ সাজু ও আয়োজক প্রতিষ্ঠান পাপড়ির অনেক সতীর্থও তাদের অনুভূতি প্রকাশ করেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে সংযুক্ত আরব-আমিরাত থেকে টেলিকনফারেন্সে নিজের অনুভূতি ব্যক্ত করেন কবি সাজন আহমদ সাজু। অনুষ্ঠানটি লাইভ সম্প্রাচারিত হয় নোঙর মিডিয়া, পাপড়ি অনলাইন এবং ভয়েস অব সাউথ সিলেটের ফেসবুকপেজ ও ইউটিউব চ্যানেলে।
প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. সাজেদুল করিম বলেন, প্রবাসে

বসে দেশের টানে বাংলা ভাষায় সাহিত্যচর্চা নিঃসন্দেহে প্রসংসনীয় কাজ। সাজন আহমদ সাজুর কবিতায় প্রেম-বিরহ, দুঃখ-হতাশা যেমন স্থান পেয়েছে, তেমনি আমাদের সামাজিক ও রাজনৈতিক অসঙ্গতির চিত্রও তিনি তুলে ধরেছেন।
কথাসাহিত্যিক সেলিম আউয়াল সাজন আহমদ সাজুর কবিতার বিভিন্ন দিক আলোকপাত করতে গিয়ে বিশ^সাহিত্যের ধারাবাহিকতাকে সামনে নিয়ে আসেন। তিনি বলেন, প্রবাসে থেকেও সাজু সাহিত্যের জন্য নিবেদিত প্রাণ হয়ে কাজ করছেন যা নিঃসন্দেহে প্রশংসনীয়।
কবি বাছিত ইবনে হাবীব কবি সাজন আহমদ সাজুর কয়েকটি কবিতার চরণ উদ্ধৃত করে বলেন, কবির শব্দচয়ন, পদবিন্যাস এবং বাণীর গভীরতা কবিতাকে অন্তরমুখীতার এক আলোকোজ্জল নান্দনিকতায় নিয়ে গেছে। অনুষ্ঠানের শুরুতে কবি সাজন আহমদ সাজুর কবিতাগ্রন্থ- ‘জলপাই রঙের ভালোবাসা’-এর মোড়ক উন্মেচন করেন অতিথিবৃন্দ এবং অনুষ্ঠান শেষে একটি অভিজাত রেস্টুরেন্টে সবাইকে আপ্যায়ন করানো হয়। বিজ্ঞপ্তি